ঝিনাইদহের ৪টি সংসদীয় আসনে শান্তিপূর্ণ ভাবে ভোট গ্রহণ চলছে

ঝিনাইদহের ৪টি সংসদীয় আসনে শান্তিপূর্ণ ভাবে ভোটগ্রহণ শুরু হয়েছে। সকাল ৮টায় জেলার ৪টি সংসদীয় আসনের ৬ উপজেলার ৫৮৫টি ভোটকেন্দ্রে ভোটগ্রহণ শুরু হয়। সকাল থেকে তীব্র শীত উপেক্ষা ভোট দিতে আসছেন নানা বয়সী নারী-পুরষ।

ভোটকেন্দ্রগুলোর বাইরেও যেন উৎসব চলছে।নিরাপত্তার চাদরে মোড়ানো ৪টি আসনের প্রতিটি কেন্দ্রেই বেলার বাড়ার সাথে সাথে ভোটার উপস্থিতি বাড়ছে।

এদিকে নির্বাচন অবাধ সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে বিপুল সংখ্যক আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য মোতায়েন করা হয়েছে।

এবারের নির্বাচনে ৪টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করছেন মোট ২৬ জন প্রার্থী। নির্বাচনে ৫৮৫টি ভোটকেন্দ্রে ১৫ লাখ ১ হাজার ৪’শ ৮০ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। এর মধ্যে পুরুষ ভোটার ৭ লাখ ৫৪ হাজার ৬৭০ জন, নারী ভোটার ৭ লাখ ৪৬ হাজার ৭৯৮ জন ও হিজড়া ভোটার রয়েছে ১২ জন।